

প্রথম অঙ্ক

২১/১২০০

তারিখ ...  
পঁঠঁ: ৪ মাস ... ৬

## নজরুল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিদর্শনে রাষ্ট্রপতি আজ ত্রিশাল যাচ্ছেন

আলমগীর কবির, ত্রিশাল (ময়মনসিংহ)

ময়মনসিংহের ত্রিশাল উপজেলা  
সদরের নামাপাড়ায় প্রতিবিত কবি নজরুল  
বিশ্ববিদ্যালয় নিকেতনের কার্যক্রম  
পরিদর্শন করতে রাষ্ট্রপতি বিচারপতি  
সাহাবুদ্দীন আহমদ আজ শনিবার ত্রিশালে  
আসছেন। দেশের একমাত্র এ সাংস্কৃতিক  
বিশ্ববিদ্যালয়টি ২০০১-২০০২ সেশন  
থেকে তার কার্যক্রম শুরু করবে।

বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক  
ফোরামের সার্বিক তত্ত্ববিধানে জাতীয় কবি  
কাজী নজরুল ইসলামের বাল্যস্মৃতি  
বিজড়িত বটতলা সংলগ্ন শুকন বিলের  
পাড়ে মোট ১৪ একর ৭৯ শতাংশ জমি  
নিয়ে গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।  
ইতিমধ্যে প্রায় ১০ লাখ টাকা ব্যয়ে  
বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক, ভবন, নির্মাণ  
করা হয়েছে। ১৫ লাখ টাকা ব্যয় করা  
হয়েছে বিদ্যুৎ খাতে। প্রতিবিত এ  
বিশ্ববিদ্যালয় ২০০১-২০০২ সেশনে মোট  
৬০০ জন ছাত্রছাত্রী নিয়ে প্রযুক্তি, শিল্পকলা  
ও সামাজিক — এই তিনি অনুষদে ভর্তি  
কার্যক্রম শুরু করবে। জানা যায়, ১৯৯০  
সালে ঢাকায় বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের  
ছয়টি জেলা নিয়ে ব্যতিক্রমিত সংগঠন  
বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম  
যাত্রা শুরু করে। ১৯৯৬ সালে ওই ফোরাম  
ময়মনসিংহের ত্রিশালে কবি নজরুলের  
স্মৃতি বিজড়িত নামাপাড়ায় একটি  
সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ  
নেয়। ১৯৯৭ সালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার  
ব্যাপরে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন  
আহমদের সঙ্গে একটি প্রতিনিধি দল  
স্বাক্ষার করলে তিনি এ বিষয়ে  
সহযোগিতার আশাস দেন। পরবর্তী দুর্মায়ে  
বিশ্ববিদ্যালয় ট্রাস্টের মাধ্যমে অধৃত সংগ্রহ

করা হয়। ২০০০ সালে  
বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠানিক কার্যক্রম শুরু  
হয়। বর্তমানে এ কে এম আশরাফুল  
আলম সহকারী প্রিচালক পদে এবং  
আহমদ হাসান সাক্রিয় প্রশাসনিক  
কর্মকর্তা পদে কাজ করছেন। এছাড়া  
আরো পাঁচজনকে বিভিন্ন পদে নিয়োগের  
জন্য মনোনয়ন দেওয়া হয়েছে।

বৃহত্তর ময়মনসিংহ নিকেতন সম্পর্কে  
সহকারী প্রিচালক ও জনসংযোগ কর্মকর্তা  
আশরাফুল আলম জানান, বাংলাদেশে  
এটিই হবে প্রথম সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়।  
বর্তমানে বাংলাদেশে ব্যাচেলর অব  
মিউজিক (বি. মি.উজিক) পর্যন্ত পড়া যায়  
কিন্তু মাস্টার্স অব মিউজিক পড়তে ভারতে  
যেতে হয়, বা খুবই ব্যয়বহুল। নজরুল  
বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হলে তা  
এখনেই পড়া যাবে।

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন  
আহমদ আজ শনিবার এ সাংস্কৃতিক  
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন  
করতে আসছেন। বৃহত্তর ময়মনসিংহের  
মানুষের প্রাণের দাবি নজরুল বিশ্ববিদ্যালয়  
নিকেতন সরকারিকরণ করা হোক। তারা  
অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছেন — এ  
বিষয়ে মাননীয় রাষ্ট্রপতি কি আশ্বাস দেন  
তা শোনার জন্য।